বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৮.৪৯

তারিখ: ২৫ পৌষ ১৪২৯
০৯ জানুয়ারি ২০২৩

**বিষয় : ৩২তম এশিয়া প্যাসিফিক রিজিউনাল স্কাউট জাম্বুরী বাস্তবায়নের লক্ষ্যে জেলা পরিষদে হতে অনুদান প্রদান।**

সূত্র: শেখ ইউসুফ হারুন, আহ্বায়ক, ৩২তম এশিয়া প্যাসিফিক স্কাউট জাম্বুরী অর্থ উপ-কমিটি এর পত্র নং ৪৬৯/২০২২, তারিখ: ০৮/০৯/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৯-২৭ জানুয়ারি ২০২৩ পর্যন্ত বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প নগর, মিরসরাই, চট্টগ্রামে 'বাংলাদেশ স্কাউটস' এর উদ্যোগে '৩২তম এশিয়া প্যাসিফিক রিজিউনাল স্কাউট জাম্বুরী' অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে ১ (এক) হাজার বিদেশিসহ প্রায় ১০ (দশ) হাজার স্কাউট ও বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উক্ত অনুষ্ঠানের শুভ উদ্বোধন করবেন মর্মে আশা করা হচ্ছে।

২। এমতাবস্থায়, সূত্রস্থ আবেদনের প্রেক্ষিতে তাঁর জেলা পরিষদ হতে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৯/০১/২০২৩


এস এম নজরুল ইসলাম
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd


প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ........................ (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. শেখ ইউসুফ হারুন, আহ্বায়ক, ৩২তম এশিয়া প্যাসিফিক স্কাউট জাম্বুরী অর্থ উপ-কমিটি, বাংলাদেশ স্কাউটস প্রধান কার্যালয়, কাকরাইল, ঢাকা এবং নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ
২. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

32nd Asia Pacific Regional Scout Jamboree
11-19 December 2022
Bangabandhu Sheikh Mujib Industrial City
Mirsarai, Chattogram, Bangladesh

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট ও অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নং ঃ
তারিখঃ ১১/০৯/২২ স্বাক্ষর

পত্র নং- বা:স্কা: (৩২তম এপিআরজাত)/৪৬৯/২০২২

তারিখ: ২৩ ভাদ্র, ১৪২৯
০৭ সেপ্টেম্বর, ২০২২

**বিষয়: ৩২তম এশিয়া প্যাসিফিক রিজিওনাল স্কাউট জাম্বুরী বাস্তবায়নের জন্য জেলা পরিষদ থেকে আর্থিক অনুদান প্রদান সম্পর্কিত।**

প্রিয় মহোদয়,

আপনাকে আনন্দের সাথে জানাচ্ছি যে, 'বাংলাদেশ স্কাউটস'-এর উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প নগর, মিরসরাই, চট্টগ্রামে আগামী ১৯-২৭ জানুয়ারি, ২০২৩ পর্যন্ত '৩২তম এশিয়া প্যাসিফিক রিজিওনাল স্কাউট জাম্বুরী' অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত জাম্বুরীতে বিদেশী ১ হাজার জনসহ প্রায় ১০ হাজার স্কাউট ও কর্মকর্তা অংশগ্রহণ করবেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা** জাম্বুরী ময়দানে উপস্থিত থেকে জাম্বুরীর শুভ উদ্বোধন ঘোষণা করবেন মর্মে আশা করা হচ্ছে। এছাড়াও মন্ত্রিপরিষদের মাননীয় সদস্যবৃন্দ, জাতীয় সংসদের মাননীয় সদস্যবৃন্দ ও সরকারের উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণ জাম্বুরীর বিভিন্ন অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। '৩২তম এশিয়া প্যাসিফিক রিজিওনাল স্কাউট জাম্বুরী' এর থীম নির্ধারণ করা হয়েছে 'Sabash ... a fountain of energy'.

জাম্বুরীতে অংশগ্রহণকারীদের জন্য অস্থায়ী আবাসন, বিদ্যুৎ, পানি, স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় স্থাপনা তৈরি ও শিক্ষণীয় চ্যালেঞ্জিং কার্যক্রম সম্বলিত জাম্বুরী প্রোগ্রাম বাস্তবায়নসহ সুষ্ঠুভাবে জাম্বুরী আয়োজনের জন্য প্রায় ৮.০০ (আট) কোটি টাকা প্রয়োজন। স্বেচ্ছাসেবী সংগঠন হিসেবে বাংলাদেশ স্কাউটস-এর আর্থিক সীমাবদ্ধতার কারণে জাম্বুরীর এই ব্যয় বহন করা অত্যন্ত কষ্টসাধ্য। যুববয়সীদের আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার এ আন্দোলনে বিগত সময়ের ন্যায় এবারও স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ স্কাউটসের পাশে থাকবে এটা আমাদের দৃঢ় বিশ্বাস। এমতাবস্থায়, আসন্ন '৩২তম এশিয়া প্যাসিফিক রিজিওনাল স্কাউট জাম্বুরী' বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন সকল জেলা পরিষদ থেকে বিশেষ আর্থিক অনুদান প্রত্যাশা করছি।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে '৩২তম এশিয়া প্যাসিফিক রিজিওনাল স্কাউট জাম্বুরী' বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগের আওতাধীন প্রতিটি জেলা পরিষদ থেকে ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা হারে আর্থিক অনুদান হিসেবে '৩২তম এপিআর স্কাউট জাম্বুরী', বাংলাদেশ স্কাউটস' এর অনুকূলে প্রদানের বিষয়ে জেলা পরিষদসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

আসন্ন '৩২তম এশিয়া প্যাসিফিক রিজিওনাল স্কাউট জাম্বুরী' এর সফল বাস্তবায়নে আপনার আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

শুভেচ্ছান্তে

অতিরিক্ত সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
নম্বর........তারিখ........
অতিরিক্ত সচিব (প্রশাসন)

০৮/০৯/22

(শেখ ইউসুফ হারুন)
আহবায়ক
৩২তম এশিয়া প্যাসিফিক স্কাউট জাম্বুরী অর্থ উপকমিটি
ও
নির্বাহী চেয়ারম্যান
বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ।

**জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

ডায়েরি নং.....৯১.....তারিখ ২২/৯/২২
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয় ও কাউন্সিল/জেপ)
যুগ্মসচিব(প্রশাসন)

ডাইরী নং- ৭১১
তারিখ: ০৬/১০/2022
উপসচিব
জেলা পরিষদ অধিশাখা